

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৭৮

কুমারঘাট, ২৭ ফেব্রুয়ারি, ২০২৪

উনকোটি জেলায় বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচি

বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানে উনকোটি জেলা সমাজ শিক্ষা পরিদর্শক ও জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে উনকোটি জেলায় গত দুই মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। কন্যা সন্তানের শিক্ষা ও স্বাস্থ্য সর্বোপরি মহিলা ক্ষমতায়নের বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য এই প্রচারাভিযান করা হয়। জেলার কুমারঘাট ও কৈলাসহরের বিভিন্ন জনপদে বাল্যবিবাহের মতো সামাজিক ব্যাধির বিরুদ্ধে পথ নাটক অনুষ্ঠিত হয়। তাছাড়াও মোবাইল ভ্যান এবং ক্যাবল টিভির মাধ্যমে শিশু কন্যা থেকে শুরু করে ছাত্রী ও মহিলাদের জন্য সরকারি বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা প্রচার করার পাশাপাশি সমাজের বিভিন্ন স্তরের মহিলাদের সফলতার কাহিনী তুলে ধরা হয়।
